গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
অধিশাখা-৭ (কলেজ-২)
www.moedu.gov.bd

স্মারক নং- ৩৭.০০.০০০০.০৬৮.২৭.০২৫.১৬.

তারিখঃ ৩০ জ্যৈষ্ঠ ১৪২৪ / ১৩ জুন ২০১৭

প্রজ্ঞাপন

যেহেতু, বি.সি.এস. (সাধারণ শিক্ষা) ক্যাডারের কর্মকর্তা জনাব টি. এম. জাকির হোসেন (৭২৩৬), উপপরিচালক (সহযোগী অধ্যাপক-ইসলামের ইতিহাস ও সংস্কৃতি), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, খুলনা অঞ্চল, খুলনা এর বিরুদ্ধে শিক্ষা মন্ত্রণালয়ের গত ১৩তারিখের ২০১১/১১/-স্মারক নংশিম নং প্রজ্ঞাপনে শিক্ষকদের বেতন ৩৯৬/(অংশ)২০০৯/১২-এমপিও/১৩-শা/ভাতা সংশ্লিষ্ট প্রতিষ্ঠান কর্তৃক বহন করতে হবে মর্মে নির্দেশনা থাকার পরও তিনি নির্দেশনা উপেক্ষা করে উৎপাদন ব্যবস্থাপনা ও বিপণন বিষয়ের ০১ ,জনাব পলাশ ঘোষ) জন শিক্ষক (এক) স ,তালা ,পাটিকেল ঘাটা এইচ আর কলেজ ,৩০৯২২৮৭-উৎপাদন ব্যবস্থাপনা ও বিপণন ইনডেক্স নং ,প্রভাষক ছাতক্ষীরাকে এমপিও ভুক্ত -(করার অভিযোগে সরকারি কর্মচারী ,বিধিমালা (শৃঙ্খলা ও আপীল) ১৯৮৫ এর ১৯৮৫ এর ৩(বি) ও ৩ ''অসদাচরণ'' যথাক্রমে (ডি)ও "দুর্নীতি" এর অভিযোগে বিভাগীয় মামলা রুজু করে কারণ দর্শানো নোটিশ প্রদান করা হয়;

যেহেতু, তিনি কারণ দর্শানো নোটিশের জবাবে জানান যে, "শিক্ষা মন্ত্রণালয়ের পরিপত্র মোতাবেক মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের আওতাধীন খুলনাসহ মোট ০৯(নয়) টি শিক্ষা অঞ্চলের মাধ্যমে এম.পি.ও. বিতরণ কার্যক্রম শুরুর সিদ্ধান্ত গ্রহণ করা হয়। প্রাপ্যতা না থাকলে বা আবেদন অসম্পূর্ণ হলে বা অন্য কোন ত্রুটি থাকলে অনলাইনে আবেদনটি প্রতিষ্ঠান প্রধান বরাবরে ফেরৎ পাঠানোর নির্দেশনা রয়েছে। ৭(খ)(৪) এ জনবল কাঠামোর আলোকে প্রাপ্যতা না থাকলে বা অসম্পূর্ণ আবেদন হলে বা অন্যকোন ত্রুটি থাকলে বিদ্যালয় পরিদর্শক/বিদ্যালয় পরিদর্শিকা অনলাইনে আবেদনটি সুস্পষ্ট মন্তব্যসহ আঞ্চলিক উপপরিচালকের নিকট প্রেরণ করবেন। এম.পি.ও. কার্যক্রম প্রতিমাসের ১-১৫ তারিখের মধ্যে সম্পন্ন করার নির্দেশনা ছিল। গত জানুয়ারি ২০১৬, এমপিও মাসে প্রায় ১৮০০ আবেদন নিষ্পত্তি করতে হয়। এত স্বল্প সময়ে এত অধিক পরিমাণে ফাইল নিষ্পত্তির এ অভিজ্ঞতা একেবারেই নতুন। এই কার্যক্রমের সাথে জড়িত উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, জেলা শিক্ষা অফিসার ও বিদ্যালয় পরিদর্শিকা সকলেই নতুন। জেলা শিক্ষা অফিসার অনলাইনে আবেদনপত্রিটি যাচাই/বাছাই পূর্বক আঞ্চলিক উপপরিচালক এর ইউজার আইডিতে প্রেরণ করেন। আঞ্চলিক উপপরিচালক যাচাই বাছাইয়ের জন্য বিদ্যালয় পরিদর্শক/বিদ্যালয় পরিদর্শিকার নিকট প্রেরণ করেন। বিদ্যালয় পরিদর্শক/পরিদর্শিকা নথিপত্র যাচাই বাছাই এর পরে সুনির্দিষ্ট মতামতসহ (অনুমোদন/বাতিল) প্রস্তাব প্রেরণ করেন। কিন্তু সংশ্লিষ্ট প্রভাষক জনাব পলাশ কুমার ঘোষের এম.পি.ও. প্রস্তাবের ক্ষেত্রে কোন কর্মকর্তাই প্রতিষ্ঠান প্রদানের ইউজার আইডিতে ফেরৎ পাঠাননি বরং সকল কর্মকর্তাই সংশ্লিষ্ট নথিপত্র সঠিক আছে মর্মে মন্তব্য প্রদান পূর্বক এমপিও ফাইল অগ্রায়ন করেছেন।উৎপাদন ব্যবস্থাপনা ও বিপনন বিষয়ে এম.পি.ও. প্রদান করা যাবে না এ বিষয়ে কোন সুস্পষ্ট মন্তব্য প্রদান করেননি বা ফাইল রিজেক্ট করার কোন প্রস্তাবনা কেহই প্রদান করেননি। অতি স্বল্প সময়ে ১৮০০ (এক হাজার আটশত) এম.পি.ও. ফাইল নিষ্পত্তি করার মত দুরহ কাজ করতে গিয়ে ভুলক্রমে উৎপাদন ব্যবস্থাপনা ও বিপনন বিষয়ে এম.পি.ও. সংক্রান্ত ফাইলটি মাউশিতে প্রেরণ করা হয় এবং এম.পি.ও. ভুক্ত হয়। পরবর্তীতে বিষয়টি অবহিত হলে এম.পি.ও. স্থগিত করার জন্য মহাপরিচালক, মা.উ.শি. কে মৌখিকভাবে অবহিত করা হয়। ইতোমধ্যে মা.উ.শি. অধিদপ্তর হতে উক্ত প্রভাষক জনাব পলাম ঘোষ এর নাম এম.পি.ও. সীট থেকে কর্তন করা হয়েছে এবং উত্তোলিত অর্থ সরকারি কোষাগারে জমাদানের জন্য নির্দেশ প্রদান করা হয়েছে । অনিচ্ছাকৃত ভুলের জন্য তিনি আন্তরিকভাবে দুঃখ প্রকাশ ও ক্ষমা প্রার্থনা করেছেন। সার্বিক পর্যালোচনায় তাঁকে ভবিষ্যতের জন্য "সতর্ক" করে বিভাগীয় মামলা হতে অব্যাহতি প্রদান করার সিদ্ধান্ত গ্রহণ করা হয়।

সেহেতু, জনাব টি. এম. জাকির হোসেন এর ব্যক্তিগত শুনানিতে উপস্থাপিত জবানবন্দি ও আলোচ্য বিভাগীয় মামলা সংক্রান্ত সকল রেকর্ডপত্র পর্যালোচনা করে তাঁকে ভবিষ্যতের জন্য "সতর্ক" করে বিভাগীয় মামলা হতে অব্যাহতি প্রদান করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে
স্বাক্ষরিত/-
তারিখ: ১২/০৬/২০১৭
(মোঃ সোহরাব হোসাইন)
সচিব

স্মারক নং- ৩৭.০০.০০০০.০৬৮.২৭.০২৫.১৬. ৩৬৮/১৬

তারিখঃ ৩০ জ্যৈষ্ঠ ১৪২৪ / ১৩ জুন ২০১৭

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো:

১। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা (জনাব টি. এম. জাকির হোসেন এর ব্যক্তিগত নথিতে/ডোসিয়ারে প্রজ্ঞাপনটি সংরক্ষণের অনুরোধসহ)।
২। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।।
৩। উপপরিচালক,বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা।
৪। সচিবের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৫। সিনিয়র সিস্টেম এনালিষ্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা। (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ) ।
৬। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, শিক্ষা মন্ত্রণালয়, ৪৫, পুরানা পল্টন, ঢাকা।
৭। বিভাগীয় হিসাব নিয়ন্ত্রক, বিভাগীয় হিসাব নিয়ন্ত্রকের কার্যালয়, খুলনা।
৮। জনাব টি. এম. জাকির হোসেন (৭২৩৬), উপপরিচালক (সহযোগী অধ্যাপক-ইসলামের ইতিহাস ও সংস্কৃতি), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, খুলনা অঞ্চল, খুলনা ।

১৩/০৬/২০১৭
(জাকিয়া খানম)
উপসচিব
ফোন: ৯৫৫৩২৭৬